বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৪.২১. ৪২৭ তারিখ: ০৩/০৮/২০২৬ খ্রি.

বিষয়: কম্পিউটার ব্যবহারসহ প্রকল্পের সফটওয়্যার ও হিসাব সংক্রান্ত কাজে দক্ষতা মূল্যায়ন পরীক্ষা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পটির আর্থিক কার্যক্রম ম্যানুয়ালি পদ্ধতির পাশাপাশি অনলাইন সফটওয়্যারে মাধ্যমে পরিচালিত হয়ে থাকে। প্রাত্যহিক ঋণ বিতরণ, আদায়, সঞ্চয় জমা, কিশোরী সঞ্চয় ও প্রণোদনা প্রদানসহ সকল আর্থিক লেনদেন তাৎক্ষণিকভাবে (Real-time) প্রকল্পের ব্যবহৃত সফটওয়্যারে (microfin360 ও mis.iresppw) এন্ট্রি করা হয়। ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরণ, ঋণ পরিশোধের তথ্য ও সমিতির কার্যক্রম পর্যালোচনা, কিশোরীদের সঞ্চয় জমা ও প্রণোদনা পরিশোধসহ সকল কার্যক্রম সফটওয়্যারের মাধ্যমে সম্পাদনে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাকে সরাসরি সম্পৃক্ত থাকতে হয় বিধায়, সফটওয়্যার ব্যবহারসহ কম্পিউটার জ্ঞান থাকা আবশ্যক। প্রকল্পে কর্মরত সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাদের কম্পিউটার ব্যবহারের প্রাথমিক জ্ঞান (Computer literacy) অর্জনের জন্য নির্দেশনা প্রদানসহ ইতোপূর্বে প্রকল্প দপ্তর থেকে বিভিন্ন সময়ে অনলাইন সফটওয়্যার ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা হলেও ব্যক্তিগত আগ্রহ ও প্রচেষ্টার অভাবে অনেক সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা কাঙ্খিত মাত্রায় কম্পিউটার ব্যবহার সংক্রান্ত জ্ঞান অর্জন করতে ব্যর্থ হয়েছেন। এছাড়া অনেক উপজেলার কার্যক্রম পর্যালোচনায় হিসাব সংক্রান্ত কার্যাদি তদারকি ও বাস্তবায়নে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাগনের অবহেলা ও অদক্ষতা পরিলক্ষিত হয়েছে।

এমতাবস্থায়, প্রকল্পে সফটওয়্যার ব্যবহার ও তথ্য এন্ট্রিসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের স্বার্থে আগামী ৩ মাসের মধ্যে সংযুক্ত তালিকার সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাগনকে কম্পিউটার ব্যবহার ও হিসাব সংক্রান্ত দক্ষতা অর্জনের জন্য নির্দেশনা প্রদান করা হলো। আগামী ১৪/১১/২০২৬ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় কম্পিউটার ব্যবহার ও হিসাব সংক্রান্ত মূল্যায়ন পরীক্ষা অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে 'ইরেসপো কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা ২০২২ (সংশোধিত)' অনুচ্ছেদ ২৪ এর (ক), (খ) ও (চ) অনুযায়ী কার্যক্রম সন্তোষজনক না হওয়া, অবহেলা ও অদক্ষতার অভিযোগ এনে সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণসহ তাদের কর্মসুচির চুক্তিভিত্তিক নিয়োগ আদেশ পুনর্বিবেচনা করা হবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

০৩/০৮/২৬
মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন: ০২-৮১৮০১৪৪
iresppwad@gmail.com

সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো)
--------------------- (সংশ্লিষ্ট উপজেলা)

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে

১. যুগ্মপরিচালক, বিভাগীয় কার্যালয়, বিআরডিবি (সংশ্লিষ্ট বিভাগ)..............;
২. উপপরিচালক, বিআরডিবি (সংশ্লিষ্ট জেলা)..............;
৩. প্রোগ্রামার ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা;
৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, (সংশ্লিষ্ট উপজেলা)..............;
৬. পরিচালক (পরিকল্পনা/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী,বিআরডিবি,ঢাকা;
৭. অফিস নথি/গার্ড ফাইল।

ইরেসপো-২য় পর্যায়

কম্পিউটার ব্যবহার ও হিসাব সংক্রান্ত মূল্যায়ন পরীক্ষার জন্য মনোনীত সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাগনের কর্মরত উপজেলার তালিকা

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | ভোলা | মনপুর | |
| ২. | নড়াইল | লোহাগড়া | |
| ৩. | পটুয়াখালী | দুমকী | |
| ৪. | মাগুরা | সদর | |
| ৫. | নোয়াখালী | সদর | |
| ৬. | রংপুর | পীরগঞ্জ | |
| ৭. | রংপুর | কাউনিয়া | |
| ৮. | বরিশাল | বাবুগঞ্জ | |
| ৯. | বরগুনা | বামনা | |
| ১০. | বরিশাল | গৌরনদী | |
| ১১. | মেহেরপুর | সদর | |
| ১২. | মাগুরা | শালিখা | |
| ১৩. | যশোর | ঝিকরগাছা | |

মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ইরেসপো-২য় পর্যায়, বিআরডিবি, ঢাকা